2021

4th Semester

BENGALI (HONOURS)

PAPER: GE401 / 402

Full Marks: 40 **Time: 2 Hours**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

Course Name: বাংলা নাটক

Course Code: BAHBNGGE401

১. যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও: **১X৫**

(ক) ‘কৃষ্ণকুমারী’ নাটকটি মধুসূদন কাকে উৎসর্গ করেছিলেন?

(খ) ভীমসিংহের ভ্রাতার নাম কী?

(গ) ‘আর নয় তো চলি যাবো পাতালঘর’—‘পাতালঘর’ বলতে এখানে কী বোঝানো হয়েছে?

(ঘ) জগৎ সিংহ কোথাকার রাজা ছিলেন?

(ঙ) ‘দেবীগর্জন’ নাটকটি কত সালে, কোন পত্রিকায় প্রকাশ পেয়েছিল?

(চ) ‘দেবীগর্জন’ নাটকটির পটভূমি উল্লেখ করো ।

(ছ) “তিনি ইন্দ্রকুলের চূড়ামণি”—কার কথা বলা হয়েছে?

(জ) “আমার মনে সে দেশ নন্দনকানন বোধ হচ্যে”—কোন দেশ? কার মনে?

(ঝ) ‘খাতাত্ উয়ার নাম নাই’—কার নাম না থাকার কথা বলা হয়েছে?

(ঞ) প্রভঞ্জনের লেঠেলবাহিনীর যে-কোনো দু’জন লেঠেলের নাম লেখো ।

২. যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও: **২X৫**

(ক) মানসিংহ ‘অসি’ স্পর্শ করে কোন প্রতিজ্ঞা করেছিলেন বলে মন্ত্রীর সংলাপ থেকে জানা যায়?

(খ) ‘দেবীগর্জন’ নাটকের ভূমিকাংশে নাট্যকার ‘দেবীগর্জন’ শব্দের যে আভিধানিক ব্যাখ্যা দিয়েছেন, তা লেখো।

(গ) “ই সর্দারঠো দেখি তামাম মানুষগুলাক কর্তা করিবার চাহে”—কে, কেনো এরূপ মন্তব্য করেছে?

(ঘ) “বিড়াল একবার যেখানে দুধের গন্ধ পায়, সে স্থান কি আর ছাড়তে চায়”—কে, কাকে উদ্দেশ্য করে কেনো একথা বলেছে?

https://www.knuonline.com/

(ঙ) "বউ বিটির শরম রাখিবার পারে না, আবার কথা বলে চ্যাটাং চ্যাটাং"—কে, কাকে উদ্দেশ্য করে এই কথাগুলি বলেছে?

(চ) "যে হারে কাটান দিলে আমার কলজেটায় ভাঁটি জ্বলে, মাগ ছেলে নিয়ে উপাস দিয়া মরি, সেই হারেই নিল"—প্রসঙ্গটি উল্লেখ করো ।

(ছ) জগৎ সিংহ ধনদাসকে কী শাস্তি দিয়েছিলেন?

(জ) "হঁ, আত্মদর্শনঠো তোমার ভালোই হঁইয়েছে প্রভঞ্জন"—কোন আত্মদর্শনের কথা এখানে বলা হয়েছে?

(ঝ) 'এ কর্মে অবহেলা করা ত কোন মতেই উচিত হয় না।'- বক্তা কে ? এখানে কোন কর্মের কথা বলা হয়েছে ?

(ঞ) 'সখি, এ বড় সামান্য ব্যাপার ত নয়'- বক্তা কে ? কোন ঘটনার ইঙ্গিত দেওয়া হয়েছে এখানে ?

৩. যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও: **৫X৩**

(ক) বাংলা নাট্যসাহিত্যে 'কৃষ্ণকুমারী' নাটকটি কতটা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো, যুক্তিসহ লেখো।

(খ) "আমি কলিকালের মেয়ে বটি; কিন্তু তুমি যে স্বয়ং কলি অবতার"—কাকে উদ্দেশ্য করে, কে এই সংলাপ বলেছে? একথা বলার কারণ নির্দেশ করো।

(গ) "অনেক তরুকে লোকে কেটে পুড়িয়ে ফেলে; কিন্তু আবার কোন কোন তরুর কাষ্ঠে দেবপ্রতিমা নির্ম্মাণ হয়"—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে সে একথা বলেছে? একথা বলার কারণ বিশ্লেষণ করো।

(ঘ) "এইবার নিজ মূর্তি ধরতে হবেক। বাঘটাক আমি পষ্ট দেখলম অন্ধকারে"—বক্তা কে? বক্তব্যটির তাৎপর্য নিরূপণ করো।

(ঙ) দেবীগর্জন' নাটকের প্রভঞ্জন-নিধন দৃশ্যটির বর্ণণা দাও।

(চ) 'দেবীগর্জন' নাটকে রত্না চরিত্রটির নাট্যোপযোগিতা সংক্ষেপে আলোচনা করো।

৪. যেকোনো *একটি* প্রশ্নের উত্তর দাও: **১০X১**

(ক) "মদনিকা চরিত্র নির্মাণে নাট্যকার মধুসূদন অসাধারণ শিল্পনৈপুণ্যের পরিচয় দিয়েছেন"—বক্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) "ঘরের শত্রু বিভীষণ, সে বড় কঠিন দুশমন"—যার সম্বন্ধে এই উক্তি, তার চরিত্র-বৈশিষ্ট্য আলোচনা করে নাট্যোপযোগিতা বিচার করো।

(গ) 'দেবীগর্জন' নাটকটি 'গণনাট্য' হিসাবে কতখানি সার্থক হয়ে উঠতে পেরেছে, যুক্তিসহ বুঝিয়ে দাও।

https://www.knuonline.com/

Course Name : বাংলা প্রবন্ধ

Course Code: BAHBNGGE402

১। যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও: **১X৫**

(ক) মনুষ্যফল প্রবন্ধে শৃগালের সঙ্গে কোন শ্রেণির মানুষদের তুলনা করা হয়েছে ?

(খ) 'নদী, নদী কোথায় যাও?' - এটি কোন ব্রতের ছড়া ?

(গ) 'সৎ-প্রসঙ্গ' প্রবন্ধটির আলোচ্য বিষয় কী ?

(ঘ) জমি সংক্রান্ত কয়েকটি আরবি -ফারসি শব্দের উল্লেখ করো ।

(ঙ) আমাদের দেশে কয় রকমের ব্রত প্রচলিত আছে ? কী কী ?

(চ) নারীর যত দু:খের কারণ কী?

(ছ) বাংলা ভাষা থেকে বোতল -গেলাস শব্দ গুলি বেরিয়ে যাবে না কেন ?

(জ) কোন গ্রন্থটিকে বাংলা প্রবন্ধের সূচনা বলা যেতে পারে ?

(ঝ) 'অন্যব্রত' কাদের বলা হয় ?

(ঞ) কোন প্রথাকে অন্নদাশঙ্কর husband hunting বলেছেন ?

২। যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও: **২X৫**

(ক) মীর মশাররফের সময়ে মুসলমান জমিদারদের কাজ কারা সামলাত ? কেন?

(খ) 'আমাদের ভাষা সংকট' প্রবন্ধে লেখকের মূল বক্তব্যটি কী?

(গ) 'এই প্রবাসী এবং নিবাসী দুই দলের মধ্যে রয়েছে হিন্দুজাতি ' - এখানে 'প্রবাসী' ও 'নিবাসী' বলতে লেখক কাদের বোঝাতে চেয়েছেন ?

(ঘ) নারীর অক্ষমতার উপর নির্ভর করে গড়ে উঠেছে এমন কিছু কু-প্রথার নাম করো ।

(ঙ) 'সংস্কৃতি' বলতে কী বোঝায় ?

(চ) 'কৌতুক হাস্য ব্যাপারটা' কী ?

(ছ) অবনীন্দ্রনাথ ব্রতকে 'হিন্দু ধর্মের সুলভ সংস্করণ' বলেছেন কেন ?

(জ) কোন কোন শাস্ত্রে হিন্দু থেকে মুসলমান অনেক পিছিয়ে ?

(ঝ) 'লুইচল' ব্রত কীভাবে পালন করা হয় ?

(ঞ) বিবাহ ভেঙ্গে গেলে সন্তানের ভার কার উপর ন্যস্ত হওয়া উচিত বলে অন্নদাশঙ্কর মনে করেন ?

https://www.knuonline.com/

৩। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও: **৫X৩**

(ক) 'মানুষ্যফল' প্রবন্ধে কমলাকান্ত নারীজাতি সম্পর্কে যে ভাবনার পরিচয় দিয়েছেন, সেটি ব্যাখ্যা করো ।

(খ) 'বাংলার ব্রত' প্রবন্ধে ব্রতের শ্রেণীবিভাগ করে প্রতিটি শ্রেণীর একটি করে উদাহরণ দাও ।

(গ) 'আমাদের ভাষা সংকট' প্রবন্ধ অনুসারে 'লৌকিক চুরি' ও 'সাহিত্যিক চুরি' বলতে লেখক কী বুঝিয়েছেন ?

(ঘ) 'সৎ-প্রসঙ্গ' প্রবন্ধে লেখক হিন্দু মুসলমানের সুসম্পর্কের কী কী নমুনা দিয়েছেন ? নিজের ভাষায় আলোচনা করো ।

(ঙ) প্রাবন্ধিকের ভাবনার অনুসরণে শাস্ত্রীয় ব্রত ও লৌকিক ব্রতের মধ্যে পার্থক্য নিরূপণ করো ।

(চ) 'কমেডিতে পরের অল্প পীড়া দেখিয়া আমরা হাসি এবং ট্র্যাজেডিতে পরের অধিক পীড়া দেখিয়া আমরা কাঁদি।'- কোন প্রবন্ধের উদ্ধৃতি ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

৪। যেকোনো *একটি* প্রশ্নের উত্তর দাও: **১০X১**

(ক) 'রবীন্দ্রনাথ ও উত্তর সাধক' প্রবন্ধে বুদ্ধদেব বসু রবীন্দ্রোত্তর কবিদের মূল্যায়ন যেভাবে করেছেন, সেটি নিজের ভাষায় লেখো ।

(খ) অবনীন্দ্রনাথ ঠাকুর তার 'বাংলার ব্রত' প্রবন্ধে কোন ব্রত সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন ? সেই ব্রতের তাৎপর্য ও গুরুত্ব বুঝিয়ে দাও ।

(গ) 'পারিবারিক নারী সমস্যা' শীর্ষক প্রবন্ধে অন্নদাশঙ্কর রায় যে বক্তব্য প্রকাশ করতে চেয়েছেন, তা কতখানি সমর্থন যোগ্য ? আলোচনা করো ।

https://www.knuonline.com/